**রেজিস্টার্ড নং ডি এ-১**

**"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মার্চ ২১, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন**

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অযান্ত্রিক যানবাহন চলাচল (নিয়ন্ত্রণ) প্রবিধান, ২০২০**

যেহেতু ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অযান্ত্রিক যানবাহন/ রিক্সা চলাচল ও নিয়ন্ত্রণ ও ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে অযান্ত্রিক যানবাহন /রিক্সা চলাচলের ক্ষেত্রে শৃঙ্খলা আনয়ন আশু প্রয়োজন, সেহেতু ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অযান্ত্রিক যানবাহন /রিক্সা চলাচল নিয়ন্ত্রণের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১২১(২) ধারা এবং উক্ত আইনের সপ্তম তফসিল এর দফা ২০ এর প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এই প্রবিধান প্রণয়ন করিল।

১। **শিরোনাম** : এই প্রবিধান ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অযান্ত্রিক যানবাহন চলাচল (নিয়ন্ত্রণ) প্রবিধান,২০২০ নামে অভিহিত হইবে।

২। **প্রযোজ্যতার ক্ষেত্রে** : এই প্রবিধান জারির তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাভুক্ত কিংবা পরবর্তীতে উক্ত সিটি কর্পোরেশনের সীমানাভুক্ত ভৌগোলিক অধিক্ষেত্রের মধ্যে প্রযোজ্য হইবে।

**৩। কার্যকারিতা** : বিধিবদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ হইতে এই প্রবিধান কার্যকর হইবে।

৪। **সংজ্ঞা :** বিষয়বস্তুর পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধান নিম্নে বর্ণিত প্রত্যয়নসমূহের অর্থ বর্ণিতমতে প্রযোজ্য হইবে :

ক **'আইন'** বলিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন ) আইন, ২০০৯ বুঝাইবে।

খ. **'কর্পোরেশন'** বলিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ মোতাবেক গঠিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং এর অধিক্ষেত্র রাজপথ, এভিনিউ, স্ট্রিট, সড়ক, লেইন, বাই লেইন, গলিপথ বুঝাইবে।



**মূল্য :** টাকা ১২.০০

গ. **'চালনা'** বলিতে নেতৃত্ব দেওয়া, চড়া, অথবা অন্যভাবে কোনো অযান্ত্রিক যানবাহন/ রিক্সা অথবা পশুর নিয়ন্ত্রণ করা বুঝাইবে।

ঘ. **'ট্রাফিক সংকেত'** বলিতে সমস্ত যান্ত্রিক বা অযান্ত্রিক সিগনাল বা সাংকেতিক চিহ্ন, সাবধানকারী বা সতর্কতা সংকেত পোস্ট, দিক-নির্দেশনা পোস্ট, ট্রাফিক বাতি, ট্রাফিক লাইনসমূহ এবং রাস্তার পার্শ্বে ও পৃষ্ঠে অন্যান্য চিহ্ন এবং নকশা বা মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর অধীনে স্থাপিত কোনো নকশা অথবা অন্য কোনো আইনের অধীন যানবাহন বা অন্যান্য ব্যক্তিদের তথ্য, নির্দেশিকা এবং দিক নির্দেশনা এর অন্তর্ভুক্ত হইবে।

ঙ. **'মেয়র'** বলিতে সিটি কর্পোরেশনের মেয়র বুঝাইবে।

চ. **'অযান্ত্রিক যানবাহন'** বলিতে অযান্ত্রিক / রিক্সা (তিন চাকাবিশিষ্ট অযান্ত্রিক প্যাডেল ) বুঝাইবে। দুই চাকার ঘোড়ার বা গরুর গাড়ি, দুই চাকার ঠেলা গাড়ি, দুই চাকার ভ্যানগাড়ি, তিন চাকা কিংবা চার চাকার ভ্যানগাড়ি ও ইহার অন্তর্ভুক্ত হইবে । তবে কোনো ব্যাটারি চালিত মোটরযান /রিক্সা / ইজি বাইক/ নছিমন / করিমন ইত্যাদি এর অন্তর্ভুক্ত হইবে না।

ছ. **'নিবন্ধক'** বলিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক 'যানবাহন' নিবন্ধনের উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে বুঝাইবে। এতদুদ্দেশ্যে সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তাও এর অন্তর্ভুক্ত হইবেন।

**৫। অযান্ত্রিক যানবাহন /রিক্সার নির্মাণ কিংবা গঠন :**

৫.১ প্রতিটি অযান্ত্রিক যানবাহন তথ্য রিক্সার গঠন ও আকৃতি সুন্দর, মজবুত এবং কমপক্ষে ২ (দুই) জন স্বাস্থ্যবান মানুষ বসিবার মত উপযুক্ত হইতে হইবে এবং তাহা লাইসেন্সে সুস্পষ্টভাবে উল্লেখ করা থাকিবে।

৫.২ রিক্সার চাকাগুলি হইবে মজবুত রাবারের টায়ার বেষ্টিত, চলিবার সময় কোনো রকম বাজে শব্দ ও কম্পন হইবে না এবং সঠিকভাবে উপযুক্ত প্লাসবোর্ড দ্বারা সুরক্ষিত থাকিবে।

৫.৩ স্প্রিং এবং এক্সেলগুলি ধাতব বস্তু দ্বারা গঠিত হইবে, যাহা শক্তিশালী, সঠিকভাবে গঠিত এবং মরিচা হইতে মুক্ত হইবে ।

৫.৪ রিক্সার 'হুড' এবং কুশনের কাভার সুন্দর শক্ত কাপড় অথবা কর্পোরেশন কর্তৃক অনুমোদিত ক্যানভাস বা অন্য কোনো বস্তু দ্বারা নির্মিত হইবে, যাহা দেখিতে সুন্দর হইবে এবং পানি চুঁইয়ে পড়া হইতে মুক্ত থাকিবে।

** **ঢাকা মহানগরীতে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় রিক্সা চলাচলকারী রিক্সাসমূহ পৃথক রং এর হুড ও কুশনে আবৃত হতে হবে।**

**[** শুধুমাত্র ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরশনের ক্ষেত্রে প্রযোজ্য]**

৫.৫ ভাঙ্গাচোরা বা খুঁতযুক্ত কিংবা ত্রুটিপূর্ণ কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সাকে কর্পোরেশনের রাস্তায় চলাচল করিতে দেওয়া হইবে না।

৫.৬ প্রত্যেকটি অযান্ত্রিক যানবাহনের হেড লাইট থাকিতে হইবে এবং পেছনের বাতিগুলি উজ্জ্বল হইতে হইবে। পেছনের প্রতিটি বাতিতে লালগ্লাস এমনভাবে লাগাইতে হইবে যাহাতে পেছনে কোনো গাড়ীর ৫ (পাঁচ) মিটারের মধ্যে হইতে তাহা দৃশ্যমান হয়।

৫.৭ উপরিউক্ত শর্তের ব্যত্যয় ঘটিলে অযান্ত্রিক যানবাহন / রিক্সা / ভ্যানগাড়ি বা ঘোড়া/ গরুর গাড়ির মালিককে অনূর্ধ্ব ১০,০০০/- (দশ হাজার ) টাকা জরিমানা করা যাইবে এবং উক্ত রিক্সা / ভ্যানগাড়ি বা ঘোড়া / গরুচালিত যানবাহনের নিবন্ধন বাতিল করা যাইবে।

৫.৮ তিন চাকার ভ্যানগাড়ি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নির্মাণ কাঠামো অনুসরণ ও নিবন্ধনের শর্ত পূরণ সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান করা যাইবে।

৫.৯ দুই চাকার ঘোড়া / গরুচালিত যানবাহনের ক্ষেত্রেও কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নির্মাণ কাঠামো অনুসরণ ও নিবন্ধনের শর্ত পূরণ সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান করা যাইবে ।

**৬। অযান্ত্রিক যানবাহন /রিকশা চলাচল সর্ম্পকিত নিয়মাবলি :**

৬.১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় যান্ত্রিক /অযান্ত্রিক যানবাহনের সুষ্ঠু চলাচল, ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়ন, প্রধান সড়কসমূহে অযান্ত্রিক যানবাহন চলাচল নিয়ন্ত্রণ, ট্রাফিক জ্যাম হ্রাসকরনের নিমিত্ত সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকায় ট্রাফিক জোন ভিত্তিক অযান্ত্রিক যানবাহন চলাচল এর সীমানা ও পরিধি কর্পোরেশন নির্ধারণ করিবে। এই বিষয়ে মেট্রোপলিটন পুলিশের (ট্রাফিক বিভাগ) যানবাহন জোনিং প্রবিধানের সহায়তায় সুষ্ঠু সমন্বয় সাধন করা হইবে।

৬.২ **এই প্রবিধানের <u>তফসিল</u> -১** এ নির্ধারিত এলাকা / অঞ্চল / জোন ব্যতীত কোনো এলাকায় কোনো অযান্ত্রিক যানবাহন /রিক্সা চলাচল করিতে পারিবে না । উপরন্তু দুই লেইন , চার লেইন বা ছয় লেইনের সড়কে অযান্ত্রিক যানবাহন / রিক্সা চলাচল কিংবা ক্রসিং কিংবা পার্কিং কিংবা সাময়িক অবস্থান করিতে পারিবে না **।**

৬.৩ **এই প্রবিধানের <u>তফসিল-২</u>** এ নির্ধারিত অঞ্চল ও জোন অনুযায়ী অযান্ত্রিক যানবাহনের রেজিস্ট্রেশন কার্ডের রঙ এবং চালকের পোষাকের রঙ ভিন্ন ভিন্ন হইবে এবং কর্পোরেশন কর্তৃক উহা নির্ধারিত হইবে । তফসিল-২ এর আলোকে অযান্ত্রিক যানবাহনের রেজিস্ট্রেশন কার্ডের রঙ এবং চালকের পোষাকের রঙ ব্যবহার করা বাধ্যতামূলক বলিয়া গণ্য হইবে।

৬.৪ সিটি কর্পোরেশন এলাকায় ট্রাফিক অঞ্চলভিত্তিক ভাড়ার তালিকা এই প্রবিধান তফসিল-৩ এ নির্ধারিত থাকিবে ।

৬.৫ অযান্ত্রিক যানবাহনের পার্কিং এর স্থান নির্ধারণ করিয়া কর্পোরেশন সময়ে সময়ে বিজ্ঞপ্তি জারি করিবে। নির্ধারিত পার্কিং স্থানের বাহিরে কোনো অযান্ত্রিক যানবাহন/ রিক্সা পার্কিং আইনত দণ্ডনীয় হইবে।

৭। **যানবাহনের নিবন্ধন / রেজিস্ট্রেশন :**

৭.১ যে সমস্ত অযান্ত্রিক যানবাহন / রিক্সা সিটি কর্পোরেশন সীমানার মধ্যে রাখা হইবে এবং চলাচল করিবে, তাহার প্রত্যেকটিকেই নিবন্ধকের তত্ত্বাবধানে নিবন্ধন / রেজিস্ট্রেশন করিতে হইবে। নিবন্ধক প্রত্যেকটি যানবাহনের নম্বর ও অন্যান্য বিবরণী লিপিবদ্ধ করিবার প্রয়োজনে একটি রেজিস্টার বহি সংরক্ষণ করিবেন, যাহাতে যানবাহনের মালিকের নাম, ঠিকানা , হোল্ডিং নম্বর , মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং অন্যান্য তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে। নিবন্ধন প্রতি ২ (দুই ) বছর পর পর নবায়ন করিতে হইবে ।

৭.২ প্রতিটি অযান্ত্রিক যানবাহনের প্রকার অনুযায়ী লাইসেন্স ভিন্ন প্রকৃতির ও ফর্মের হইবে এবং লাইসেন্সে প্রত্যেক লাইসেন্সধারীর স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং বাম হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ থাকিবে।

৭.৩ কোনো অযান্ত্রিক যানবাহন/ রিক্সা যদি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক নিবন্ধিত না হয় এবং নিবন্ধন নম্বরটি যদি সুস্পষ্টভাবে প্রদর্শিত না হয় তা হইলে উক্ত বাহনকে কোনো কর্পোরেশন সড়কে চলাচল করিতে দেয়া হইবে না।

৭.৪ ড্রাইভিং লাইসেন্স বিহীন ড্রাইভার/ চালক দ্বারা অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালাইতে দেওয়া যাইবে না। যদি কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সার মালিক ড্রাইভিং লাইসেন্স বিহীন চালক দ্বারা উক্তরূপ যানবাহন চালান তবে তাহার অযান্ত্রিক যানবাহন / রিক্সার রেজিস্ট্রেশন বাতিল করা হইবে অথবা সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হইবে অথবা উভয় দণ্ড আরোপ করা হইবে এবং ড্রাইভিং লাইসেন্স বিহীন চালককে সর্বোচ্চ ২০০০/-(দুই হাজার) টাকা জরিমনা করা হইবে । উক্ত অযান্ত্রিক যানবাহন /রিক্সার কর্পোরেশন প্রদত্ত নম্বরটি জব্দ ও বাজেয়াপ্ত করা হইবে।

৭.৫ একবার জব্দ করা হইলে অযান্ত্রিক যানবাহন / রিক্সার লাইসেন্স নম্বরটিও বাতিল করা হইবে ।

**৮। অযান্ত্রিক যানবাহন / রিক্সার মালিকের দায়িত্ব :**

৮.১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কোনো অযান্ত্রিক যানবাহন /রিক্সায় যে 'নম্বর প্লেট' সাঁটা হইবে তাহা দৃশ্যমান ও সুন্দরভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং ক্ষয়-ক্ষতি হইতে রক্ষা করিতে হইবে উহা এমনভাবে রিক্সার পেছনে লাগানো থাকিবে যাহাতে যৌক্তিক দূরত্ব হইতে তাহা পরিষ্কার ভাবে দেখা এবং পড়া যায়। কর্পোরেশনের রাস্তায় চলমান কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সার নম্বর প্লেট যদি স্পষ্টভাবে দেখা না যায় তাহা হইলে উক্ত রিক্সা জব্দ করা ও বাজেয়াপ্ত করা হইবে। অনুরূপ একবার জব্দ হইলে উহার লাইসেন্সও বাতিল করা যাইবে।

৮.২ অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালকের নিকট হইতে প্রতিটি অযান্ত্রিক যানবাহন/ রিক্সার মালিক দৈনিক সর্বোচ্চ কত টাকা ভাড়া আদায় করিতে পারিবেন তাহা কর্পোরেশন নির্ধারিত করিয়া দিতে পারিবে। উক্তরূপ নির্ধারিত দৈনিক ভাড়ার অতিরিক্ত ভাড়া কোনো মালিক আদায় করিতে পারিবেন না।

৮.৩ কর্পোরেশন কর্তৃক অযান্ত্রিক যানবাহন /রিক্সার দৈনিক ভাড়া নির্ধারণ করিয়া দিবার পরও যদি কোনো অযান্ত্রিক যানবাহন /রিক্সার মালিক উক্ত নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া তাহা যেই নামেই হউক না কেন আদায় করেন তবে তাহা এই আইন অনুযায়ী অপরাধ বলিয়া গণ্য হইবে । উক্তরূপ অপরাধের জন্য অযান্ত্রিক যানবাহন / রিক্সার মালিককে দন্ড প্রদান করা যাইবে; অধিকন্তু কর্পোরেশন কর্তৃক তাহার অযান্ত্রিক যানবাহন / রিক্সার লাইসেন্সও বাতিল করা যাইবে ।

৮.৪ নিবন্ধক / রেজিস্ট্রেশন কর্মকর্তার লিখিত অনুমতি ব্যতীত কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সা কিংবা রিক্সা ভ্যানে ছাপানো লিখিত বা অন্যকোনো উপায়ে ভিতরে বা বাহিরে কোনো রকম বাণিজ্যিক বিজ্ঞাপন কিংবা অশ্লীল ছবি/চিত্রমালা ইত্যাদি সাঁটানো কিংবা প্রদর্শন করা যাইবে না ।

৮.৫ কোনো রিক্সায় দুইজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তির বেশী বহন অথবা রিক্সার আয়তনের চাইতে বড় বা বেশ ওজনের বস্তু/ দ্রব্যাদি বহন করা যাইবে না।

৮.৬ পার্কিং এর জন্য নির্ধারিত স্থান ব্যতীত যত্রতত্র পাকিং করা যাইবে না । উক্তরূপ পার্কিং করা হইলে তাহার জন্য অযান্ত্রিক যানবাহন/ রিক্সার মালিক/ চালককে অনধিক ২০০০/-(দুই হাজার) টাকা পর্যন্ত জরিমানা করা যাইবে।

**৯। অযান্ত্রিক যানবহন / রিক্সার ভাড়া নির্ধারণ :**

৯.১ এই প্রবিধান অনুসারে কর্পোরেশন কর্তৃপক্ষ প্রতিটি অযান্ত্রিক যানবাহন / রিক্সার জন্য দূরত্ব অনুযায়ী একটি ভাড়ার তালিকা তৈরী করিতে পারিবে। মুদ্রিত ভাড়ার তালিকা জনবহুল এলাকায় দৃশ্যমান করিয়া টাঙ্গাইতে হইবে। রেজিস্ট্রেশনের সাথে রিক্সার মালিককে সংশ্লিষ্ট জোনের সকল ভাড়ার তালিকাও সরবরাহ করিতে হইবে । জনগণের সুবিধার্থে কখনো চালককে লাইসেন্স প্রদর্শন করিতে বলা হইলে লাইসেন্স এর সাথে ভাড়ার তালিকাটিও প্রদর্শন করিতে হইবে ।

৯.২ নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া দাবী করা অথবা নির্ধারিত জোনে নির্দিষ্ট দুরত্ব যাইতে অস্বীকৃতি জানাইলে রিক্সা চালককে অনধিক ১০০/-(একশত) টাকা পর্যন্ত জরিমানা করা যাইবে।

৯.৩ যে সমস্ত অযান্ত্রিক যানবাহন গরু বা ঘোড়া দ্বারা চালিত, সে সমস্ত যানবাহন টানা প্রাণি কিংবা গরু কিংবা ঘোড়া যাহাতে কোনো প্রকার সংক্রামক ব্যাধিতে আক্রান্ত না থাকে এবং স্বাস্থ্যবান ও রোগমুক্ত হয় এবং দেখিতেও যাহাতে সুন্দর হয় সেদিকে খেয়াল রাখিতে হইবে। নিবন্ধকের মতামত অনুযায়ী উক্ত প্রাণীদের জন্য ব্যবহার্য দড়ি বা চেইনগুলি চামড়া দ্বারা অথবা ভাল কোনো আবরণে যাহাতে প্রাণির জন্য আরামদায়কভাবে মোড়ানো থাকে, সেই ব্যবস্থা মালিককে করিতে হইবে ।

৯.৪ সিটি কর্পোরেশনের নিয়মানুযায়ী লাইসেন্স ইস্যু নাম সংশোধন/ খারিজ ও নবায়নের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য হইবে।

**১০। চালকের লাইসেন্স**

১০.১ সিটি কর্পোরেশন এলাকায় কোনো ব্যক্তি কোনো অযান্ত্রিক যানবাহন চালাইতে চাহিলে তাহাকে অবশ্যই কর্পোরেশন হইতে অযান্ত্রিক যানবাহন চালাইবার লাইসেন্স গ্রহণ করিতে হইবে ।

১০.২ নিবন্ধক চালকের লাইসেন্স সংক্রান্ত যেই সকল তথ্য যেইভাবে লিপিবদ্ধ করিবার প্রয়োজন বোধ করিবেন সেইভাবে তিনি তাহা লিপিবদ্ধ করিবেন ।

১০.৩ লাইসেন্স প্রথমত ১ (এক) বৎসরের জন্য ইস্যু করা হইবে এবং মেয়াদান্তে তাহা নির্ধারিত ফি প্রদান করিয়া নবায়ন করাইতে হইবে।

**১১ ড্রাইভারের /চালকের যোগ্যতা:**

অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালকের লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিবন্ধকের নিকট নিম্নোক্ত ক্ষেত্রে উপযুক্ত বলিয়া যুক্তিসংগতভাবে বিবেচিত হইতে হইবে।

১১.১ সজ্ঞা- আবেদনকারী যেই অযান্ত্রিক বাহন চালাইবার লাইসেন্স এর জন্য আবেদন করিয়াছেন তাহা তিনি ঠিকমত এবং নিরাপত্তার সহিত চালনা ও নিয়ন্ত্রণ করিতে সক্ষম এবং উক্ত বাহনের জন্য তিনি শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত মর্মে সিটি কর্পোরেশনের একজন দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকের সনদ/প্রত্যয়ন।

১১.২ আবেদনকারী সিটি কর্পোরেশন এবং এর আশেপাশের প্রধান প্রধান সড়ক, স্থাপনা, অফিস আদালত, গুরুত্বপূর্ণ স্থান ইত্যাদির সহিত সম্যক পরিচিতি।

১১.৩ আবেদনকারী সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তুতকৃত দূরত্ব অনুসারে ভাড়ার চার্ট সম্বন্ধে উত্তম / পরিপূর্ণ জ্ঞান রাখেন।

১১.৪ আবেদনকারী সড়কপথে চলাচল করিবার সময় পালনীয় সমস্ত নিয়ম-কানুন, ট্রাফিক সংকেত, ড্রাইভার /চালকগণ যেইভাবে সংকেতসমূহ মানিয়া চলেন, তাহা জানেন এবং বুঝেন।

১১.৫ আবেদনকারী বয়স আবেদনের তারিখে ১৮ (আঠার) বৎসরের কম নহে এবং ৫০ (পঞ্চাশ) বৎসরের অধিক নহে।

**১২। রিক্সা চালকদের জন্য প্রশিক্ষণ :**

সিটি কর্পোরেশন রিক্সা চালকদের রিক্সা চালাইবার জন্য এবং নিয়ম-কানুন শিখাইবার জন্য ট্রেনিং এর ব্যবস্থা করিবে, যাহাতে তাহারা সড়কপথে চলাচল করিবার সময় পালনীয় সমস্ত নিয়ম-কানুন, ট্রাফিক সংকেত, দূরত্ব অনুয়ায়ী কর্পোরেশন কর্তৃক নির্ধারিত ভাড়া ইত্যাদি জানিতে পারেন। উল্লেখ্য, যুক্তিসংগত কারণ ছাড়া পরপর ২ (দুই) বার ট্রেনিং এ অংশগ্রহণে ব্যর্থ হইলে চালকের লাইসেন্স বাতিল করা যাইবে।

**১৩। যানবাহন চালকের করণীয় ও বর্জণীয় :**

১৩.১ প্রত্যেক অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালক তাহার বাহুতে বা কব্জিতে একটি ব্যাজ ধারণ করিবেন যা সিটি কর্পোরেশন তাহার জন্য নির্ধারণ করিবে এবং লাইসেন্স এর সঙ্গে উক্ত ব্যাজ ও তাহাকে সরবরাহ করা হইবে। এজন্য কর্পোরেশন যুক্তিসংগত ফিস তাহার নিকট হইতে গ্রহণ করিতে পারিবে।

১৩.২ কর্পোরেশনের লাইসেন্স প্রাপ্ত ড্রাইভার / চালক এমন কোনো যান চালাইবেন না, যাহা সিটি কর্পোরেশন অথবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত নহে। যদি ড্রাইভার / চালক এর অন্যথা করেন তাহা দণ্ডযোগ্য হইবে।

১৩.৩ সিটি কর্পোরেশন কর্তৃক যাহার নামে কোনো ড্রাইভিং লাইসেন্স ইস্যু হয় নাই, এমন কোনো ব্যক্তি সিটি কর্পোরেশনের কোনো রাস্তায় কোনো অযান্ত্রিক যানবাহন চালাইতে পারিবেন না ।

১৩.৪ যদি কেহ এই প্রবিধান ভঙ্গ করিয়া সিটি কর্পোরেশনের অভ্যন্তরে অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালান কিংবা নির্ধারিত অঞ্চল / জোন ব্যতীত অন্যত্র অযান্ত্রিক যানবাহন /রিক্সা চালান তাহা হইলে অযান্ত্রিক যানবাহন / রিক্সার মালিককে অনধিক ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং চালককে অনধিক ২০০০/- (দুই হাজার) টাকা জরিমানা করা যাইবে এবং অযান্ত্রিক যানবাহন / রিক্সার লাইসেন্স এবং চালকের লাইসেন্স বাতিল করা যাইবে।

১৩.৫ কোনো রিক্সাচালক কোনো একক বা দ্বৈত যাত্রীকে কোনো স্থানে লইয়া যাওয়ার ব্যাপারে রিক্সার যান্ত্রিক ত্রুটি ব্যতীত অন্য কোনো কারণে অস্বীকৃতি জানাইতে পারিবে না ।

১৩. ৬ কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সা চালক কোনো ব্যক্তির সহিত দুর্ব্যবহার করিতে পারিবেন না ।

১৩. ৭ যদি ড্রাইভিং লাইসেন্স গ্রহণের সময় প্রমাণিত হয় যে, কোনো অযান্ত্রিক যানবাহন/ রিক্সার ড্রাইভারের অযোগ্যতা কিংবা অন্য কোনো অযোগ্যতা ছিল অথবা চোখের দৃষ্টি ত্রুটিপূর্ণ ছিল, তবে তাহার লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩.৮ যদি লাইসেন্সধারী কোনো চালক অত্র রেগুলেশনস্ এর ১৩ প্রবিধান লংঘন করেন, তবে তাহাকে সর্বোচ্চ ৫০০/- (পাঁচশত) টাকা জরিমানা করা যাইবে এবং তাহার লাইসেন্স ও বাতিল করা যাইবে।

১৪। নিবন্ধক :

১৪.১ মেয়র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া সিটি কর্পোরেশন যে কোনো নিবন্ধক / কর্মকর্তা / রেজিস্ট্রেশন অফিসার তাহার অধিক্ষেত্রের সকল অযান্ত্রিক যানবাহন পরিদর্শন করিতে পারিবেন এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এবং এর অত্র প্রবিধান প্রয়োগ করিতে পারিবেন, এবং রিক্সার মালিক, চালক, দখলদার অথবা এজেন্ট সকলেই উক্ত অফিসারকে সহযোগিতা করিবেন।

১৪.২ নিবন্ধক তাহার নির্ধারিত অধিক্ষেত্রের মধ্যে যে কোনো অযান্ত্রিক যানবাহন নিরীক্ষণের জন্য তাহার নিকট ৪৮ ঘণ্টার মধ্য হাজির হইবার জন্য নির্দেশ দিতে পারিবেন ।

১৫। অযান্ত্রিক যানবাহনের চলাচল নিয়ন্ত্রণ :

সিটি কর্পোরেশন যেই কোনো সময়, যেই কোনো সড়ক, লেন, বাইলেন ইত্যাদিকে সাময়িকভাবে রিক্সা / ভ্যান ইত্যাদি চলাচলের জন্য বন্ধ ঘোষণা করিতে পারিবেন, অথবা উপরোক্ত কোনো সড়ক, লেন, বাইলেনকে সাময়িকভাবে একদিকে চলাচল করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারেন অথবা চলাচলের জন্য বিকল্প রাস্তা ঘোষণা করিতে পারিবেন ।

১৬। দন্ড :

১৬.১ কোনো অযান্ত্রিক যানবাহন / রিক্সা কোনো বে-আইন / অনৈতিক কাজে ব্যবহৃত হইলে বা এ প্রবিধানে কোনো অপরাধের শাস্তির বিধান উল্লেখ না থাকিলে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা পর্যন্ত জরিমানা করা যাইবে এবং অযান্ত্রিক যানবাহন / রিক্সা জব্দ / বাজেয়াপ্ত করা যাইবে ।

১৬.২ কর্পোরেশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা রেগুলেশনে উল্লিখিত পরিমাণ জরিমানা আরোপ করিতে পারিবেন।

১৭। ব্যবস্থাপনা :

এ প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে কর্পোরেশন অঞ্চল / ওয়ার্ডভিত্তিক ‘অযান্ত্রিক যানবাহন ব্যবস্থাপনা শীর্ষক কমিটি দায়িত্ব পালন করিবে :

| ক্রমিক | নাম – পদবি | |
|---|---|---|
| ১। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা /মেয়র কর্তৃক মনোনীত কর্মকর্তা/ ওয়ার্ড কাউন্সিলর | আহবায়ক |
| ২। | প্রতিনিধি, পুলিশ কমিশনার / পুলিশ সুপার এর প্রতিনিধি | সদস্য |
| ৩। | সিটি কর্পোরেশন ট্রাফিক বিভাগ / সংশ্লিষ্ট বিভাগের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা | সদস্য |
| ৪। | ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষ এর প্রতিনিধি (ঢাকা মহানগীরর ক্ষেত্রে) | সদস্য |
| ৫। | শ্রমিক সংগঠন এর প্রতিনিধি | সদস্য |
| ৬। | রিক্সা মালিক / চালক সংগঠন এর প্রতিনিধি | সদস্য |
| ৭। | সিটি কর্পোরেশন কর্তৃক মনোনীত কর্মকর্তা | সদস্য-সচিব |

**(সিটি কর্পোরেশন আরও প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবে)**

**কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি প্রতিটি জোন বা এলাকার জন্য অযান্ত্রিক যানবাহন / রিক্সার নিবন্ধনের নিমিত্ত কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করিবে।

(২) অযান্ত্রিক যানবাহন / রিক্সার মালিককে প্রদেয় দৈনিক ভাড়া এবং যাত্রী বা মালামাল পরিবহনের জন্য কিলোমিটার প্রতি ভাড়া নির্ধারণের জন্য দায়িত্বপ্রাপ্ত হইবে।

(৩) অযান্ত্রিক যানবাহন / রিক্সার চালকদের জন্য প্রশিক্ষণ এবং স্বাস্থ্য সেবা ইত্যাদি বিষয়াদি এই কমিটি তদারক করিবে।

(৪) কমিটি ২ (দুই) মাসে অন্তত ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রয়োজনীয় সুপারিশ ও তদারকি করিবে।

**১৮। অযান্ত্রিক যানবাহন / রিক্সা মালিক এবং চালক সমবায় সমিতি ইত্যাদি :**

অযান্ত্রিক যানবাহন / রিক্সা মালিক এবং চালক সমবায় সমিতি প্রাথমিকভাবে সমবায় অধিদপ্তর কিংবা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বিধি মোতাবেক নিবন্ধিত হইবে। নিবন্ধিত এই সকল সমিতি তাহাদের নিবন্ধন সনদ এবং গঠনতন্ত্রের কপি কর্পোরেশনে দাখিল করিয়া সিটি কর্পোরেশনের আওতায় তালিকাভুক্ত হইতে পারিবে। তালিকাভুক্ত সমিতির সদস্যদের কল্যাণে কর্পোরেশন তাহার সামর্থ্য বিবেচনায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

**১৯। অসুবিধা দূরীকরণ :**

এই রেগুলেশনের কোনো বিষয় বিদ্যমান অপর কোনো আইন / বিধিমালা / রেগুলেশনের সহিত সাংঘর্ষিক হইলে কিংবা ইহার বাস্তবায়নে কোনো প্রকার অসুবিধা দেখা দিলে সেই বিষয়ে সরকার উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

**২০। রহিতকরণ ও হেফাজত :**

(১) এই প্রবিধান কার্যকর হইবার তারিখ হইতে এতদ্‌সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বে কমিশনার ঢাকা কর্তৃক ২১ জুন ১৯৭৩ তারিখে জারিকৃত বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ বাতিল হইবার পরে ও পূর্বের প্রবিধান কিংবা নির্দেশিকা বা নির্দেশমালার আওতায় কোনো বিষয় অনিষ্পন্ন থাকিলে তাহা এমনভাবে নিষ্পন্ন করা হইবে যেন এই প্রবিধান আদৌ কার্যকর করা হয় নাই।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষে

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd